দৈনিক সংবাদ

৬/১১/২০০৪

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৩ ... কলাম ৩......

ঢাকা বিশ্ববিদ্যালয়

## ৪ জন ছাত্রের এইচএসবিসি বৃত্তি লাভ

ঢাকা বিশ্ববিদ্যালয় বিজনেস স্টাডিজ অনুষদের ৪ জন ছাত্র হংকং অ্যান্ড সাংহাই ব্যাংকিং করপোরেশন (এইচএসবিসি) বৃত্তি লাভ করেছেন।

বিজনেস স্টাডিজ অনুষদের চারটি বিভাগের যে চারজন ছাত্র এই বৃত্তি লাভ করেছেন তারা হলেন ঃ মোহাম্মদ আবদুল ওহাব মিয়া (হিসাব বিজ্ঞান), আফরোজা হক জলি (ফিন্যান্স অ্যান্ড ব্যাংকিং), অনুপ কুমার সাহা (ম্যানেজমেন্ট স্টাডিজ) এবং মোহাম্মদ আমজাদ হোসেন সরকার (মার্কেটিং)।

এইচএসবিসি-এর ম্যানেজার, পার্সোনাল ব্যাংকিং জেমস এম. বারকার-বেনেট সোমবার বিজনেস স্টাডিজ অনুষদের ডিনের অফিসে আয়োজিত এক অনুষ্ঠানে এই বৃত্তির অর্থের একটি চেক অনুষদের ডিন অধ্যাপক সৈয়দ আবুল কালাম আজাদের কাছে হস্তান্তর করেন। এ সময় হিসাব বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মোহাম্মদ হারুনুর রশীদ এবং মার্কেটিং বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মো. আনোয়ারুল ইসলাম উপস্থিত ছিলেন। সংবাদ বিজ্ঞপ্তি।